

২০২৩

বাংলা - সাধারণ

প্রথম সেমেস্টার

পত্র : GE/CC-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৃতিত্ব বিচার করো। ১০
অথবা,
(খ) বাংলা সাহিত্যে প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর অবদান আলোচনা করো। ১০
- ২। (ক) বিহারীলাল চক্রবর্তীর গীতিকাব্যের পরিচয় দিয়ে বাংলা গীতিকাব্যের ইতিহাসে তাঁকে 'ভোরের পাখী' বলার তাৎপর্য বুঝিয়ে দাও। ১০
অথবা,
(খ) বাংলা নাটকে মধুসূদন দত্তের অবদান আলোচনা করো। ১০
- ৩। (ক) সামাজিক উপন্যাস রচনায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১০
অথবা,
(খ) বাংলা ছোটগল্পের ইতিহাসে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো। ১০
- ৪। (ক) বাংলা গদ্যের বিকাশে শ্রীরামপুর মিশনের অবদান সম্পর্কে লেখো। ৫
অথবা,
(খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে প্যারীচাঁদ মিত্রের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) ঈশ্বরগুপ্তকে যুগসন্ধির কবি বলা হয় কেন? ৫
অথবা,
(খ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৬। (ক) বঙ্কিমচন্দ্রের উপন্যাসের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

অথবা,

(খ) বাংলা ছোটগল্পের ইতিহাসে তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

৭। যে-কোনো একটি টীকা লেখো।

(ক) কমলাকান্তের দপ্তর

(খ) সোনার তরী

(গ) পুতুলনাচের ইতিকথা।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

(ক) শ্রীরামপুর মিশনের প্রতিষ্ঠাকাল উল্লেখ করো।

(খ) উইলিয়াম কেরীর লেখা একটি গ্রন্থের নাম লেখো।

(গ) বাংলা অমিত্রাঙ্কর ছন্দের প্রবর্তক কে?

(ঘ) শিশু শিক্ষা বিষয়ক বিদ্যাসাগরের একটি গ্রন্থের নাম লেখো।

(ঙ) 'কস্যচিৎ উপযুক্ত ভাইপো সহচরস্য' কার ছদ্মনাম?

(চ) মধুসূদন দত্তের প্রহসনদুটির নাম কী?

(ছ) দুঃখবাদী কবি কাকে বলা হয়?

(জ) 'সঞ্চিতা' ও 'সঞ্চয়িতা' কাব্যগ্রন্থদুটি কাদের লেখা?

(ঝ) রবীন্দ্রনাথের কাব্যনাট্য ও নাট্যকাব্যের একটি করে উদাহরণ দাও।

(ঞ) 'মেঘনাদবধ' কাব্য কী ধরনের মহাকাব্য?

(ট) 'কৃষ্ণকান্তের উইল' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(ঠ) রবীন্দ্রনাথের একটি মহাকাব্যধর্মী উপন্যাসের নাম লেখো।

(ড) 'ধাত্রীদেবতা' উপন্যাসটি কার লেখা?

(ঢ) মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

(ণ) শরৎচন্দ্রের একটি আত্মজীবনীমূলক উপন্যাসের নাম লেখো।

৫

৫

৫×১

১×১৫